# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৫৪. নিজের ঘর ছাড়া অন্য কোথাও মহিলাদের নিজ শরীরের সম্পূর্ণ কাপড় খুলে ফেলা

উম্মু সালামাহ্ (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أَيُّمَا امْرَأَةٍ نَزَعَتْ ثِيَابَهَا فِيْ غَيْرِ بَيْتِهَا ، خَرَقَ اللهُ عَزَّ وَجَلَّ عَنْهَا سِتْرَهُ

“যে মহিলা নিজ ঘর ছাড়া অন্য কোথাও নিজের সম্পূর্ণ পরিধেয় বস্ত্র খুলে ফেললো তা হলে আল্লাহ্ তা’আলা তার উপর থেকে তাঁর বিশেষ পর্দা উঠিয়ে নিবেন”।[1]

’আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أَيُّمَا امْرَأَةٍ وَضَعَتْ ثِيَابَهَا فِيْ غَيْرِ بَيْتِ زَوْجِهَا فَقَدْ هَتَكَتْ سِتْرَ مَا بَيْنَهَا وَبَيْنَ اللهِ عَزَّ وَجَلَّ

“যে মহিলা নিজ স্বামীর ঘর ছাড়া অন্য কোথাও নিজের সম্পূর্ণ পরিধেয় বস্ত্র খুলে ফেললো তা হলে সে যেন আল্লাহ্ তা’আলা ও তার মধ্যকার বিশেষ পর্দা উঠিয়ে নিলো”।[2]

>

## ফুটনোট

[1] (স’হী’হুল-জা’মি’, হাদীস ২৭০৮)

[2] (স’হী’হুল-জা’মি’, হাদীস ২৭১০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11304

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন